



তারিখ : 03-SEP-2015
পৃষ্ঠা : ১ কলাম : ২

সৈনিক ইশ্বেকাক

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

শতবর্ষ পুরনো কক্সবাজার
ইনস্টিটিউট ও গ্রন্থাগারের
দুরবস্থা

কক্সবাজার জেলা প্রশাসকের অফিসের উত্তর পাশে শতবর্ষ পুরনো কক্সবাজার ইনস্টিটিউট অ্যান্ড পাবলিক লাইব্রেরি অবস্থান। এখানে মূল্যবান বই ও পাণ্ডুলিপি সংখ্যা প্রায় ২০ হাজার। এই ভবনকে কেন্দ্র করে কক্সবাজার শহরের তথা জেলার সাংস্কৃতিক কর্মকাণ্ড চালু ছিল। কিন্তু নব্বইয়ের দশকের শেষ দিকে সরকারি অনুদান পেয়ে লাইব্রেরির পুরনো ভবন ভেঙে নতুন ভবনের নির্মাণকাজ শুরু হয়। কিন্তু দুর্ভাগ্যবশত হলেও সত্য, দীর্ঘ ৭ বছরের বেশি সময় পার হলেও নতুন ভবনের নির্মাণকাজ শেষ হয়নি। আমলাতান্ত্রিক জটিলতার কারণে এফলে কক্সবাজার শহরের সাংস্কৃতিক কর্মকাণ্ড স্থবিরতা দেখা দিয়েছে। এই গ্রন্থাগার মিলনায়তনে নিয়মিত সেনিনার, সিম্পোজিয়াম, ছাত্রছাত্রীদের রচনা প্রতিযোগিতা এবং বার্ষিক নাটক মঞ্চস্থ হতো। এতে নবীন প্রবীণ নাট্যকর্মীরা অংশ নিতেন- পঞ্চাশ-ষাটের দশকে কক্সবাজার ইনস্টিটিউটে সাংস্কৃতিক কর্মকাণ্ড ছিল রমরমা। এখন তা নেই। সবচেয়ে বেদনাদায়ক হলো, লাইব্রেরির বইগুলো বজাবন্দী করে স্থানীয় ফালচারান কেন্দ্রে গুদামজাত করে রাখা হয়েছে। এতে অনেক মূল্যবান বই ও পাণ্ডুলিপি নষ্ট হয়ে যাচ্ছে।

আমি বিষয়টি জেলা পরিষদের চেয়ারম্যান ও এই ভবন নির্মাণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়ত দৃষ্টি আকর্ষণ করছি এবং ইনস্টিটিউটের নতুন ভবনের নির্মাণকাজ দ্রুত শেষ করতে সর্বিনয় অনুরোধ জানাচ্ছি।

জাফর আলম,
সহ-সভাপতি, কক্সবাজার সমিতি, ঢাকা